

## জীবন

সালেকীন

রং ব্রেজের পোশাক পরে চলছি গাড়ীতে  
নকল বাড়ী ছেড়ে যাব আসল বাড়ীতে  
চলছে গাড়ী তাড়াতাড়ী গ্রামগঞ্জ দিয়ে পারি  
হঠাৎ করে থামবে গাড়ী সবার অজান্তে,  
নকল বাড়ী ছেড়ে যাব আসল বাড়ীতে।

হরেক রকম সাজ সজ্জা গাড়ীর ভিতর করে  
নানা বস্ত্রের রপে রপে- সাজিয়ে থরে থরে  
ভিতর থেকে মনে হয় কত সুন্দর বাড়ী  
যাএীরা সব ভুলে গেছে এসে আসল গাড়ী  
চলছে গাড়ী তাড়াতাড়ী গ্রাম গঞ্জ দিয়ে পারি  
হঠাট করে আমার গাড়ী সবার অজান্তে  
নকল বাড়ী ছেড়ে যাব আসল বাড়ীতে।

দূর অতীতে ছিলাম যখন নিজের বাড়ীতে,  
ভাবনা হীন জীবন ছিল, আলোয় ভরা দিগ্গী ছিল,  
অতিন্দীয় তপ্তি ছিল,  
সবছেড়ে অবশেষে ছদ্মবেশে উঠলাম এসে নতুন গাড়ীতে  
চলছে গাড়ী তাড়াতাড়ী গ্রামগঞ্জ দিয়ে পারি  
হঠাট করে আমার গাড়ী সবার অজান্তে  
নকল বাড়ী ছেড়ে যাব আসল বাড়ীতে।

যাএা শেষে হঠাৎ করে আসবে যখন গাড়ী  
সব কোলাহল পিছন ফেলে দূর অজানায় দিব আমি পারি  
নিজ বাড়ীতে হব আবার নতুন অতিথি,  
এক নিমেষে বিলীন হবে সকল মধুর স্রতি।

চলছে গাড়ী তাড়াতাড়ী, গাম গজ্জ দিয়ে পারি  
হঠাৎ করে আমার গাড়ী সবার অজান্তে  
নকল বাড়ী ছেড়ে যাব আসল বাড়ীতে।